দৈনিক সংবাদ

তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ১

# সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে গুলি বোমা

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার সকাল ৮টায় স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ১০/১২ জন সশস্ত্র কর্মী কলেজ ক্যাম্পাসে অতর্কিতে হামলা চালায়। এ সময় তারা ব্যাপক ফাঁকা গুলিবর্ষণ, বোমাবাজি ও দুইটি প্রাইভেট কার ভাঙচুর করে পালিয়ে যায়। গুলি ও বোমার শব্দে ক্লাস করতে আসা সাধারণ ছাত্রছাত্রীরা প্রাণভয়ে এদিক সেদিক ছুটে যায়। সকালে কলেজের একটি বাস ছাত্রছাত্রীদের নিয়ে সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে আসার সময় কার্জন হল এলাকায় ছাত্রদলের কর্মীরা বাস থামিয়ে ছাত্রছাত্রীদের নামিয়ে দেয়। ঘটনার পর কলেজ ও ছাত্রাবাসে প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। অধ্যক্ষ অধ্যাপক এম, এ শাকুরের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, একাডেমিক কাউ-

গুলি বোমা : পৃঃ ৬ কঃ ৩

## গুলি বোমা : সলিমুল্লাহ মেডিক্যালে

(১ম পৃষ্ঠার পর)

ন্সিলের মাধ্যমে কলেজে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার সর্বাত্মক চেষ্টা চলছে।

### ছাত্রলীগের বিবৃতি

বাংলাদেশ ছাত্রলীগ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ শাখা এক বিবৃতিতে উক্ত ঘটনার জন্য ছাত্রদলকে দায়ী করে বলেছে, আওয়ামী লীগ ক্ষমতা গ্রহণের পর সরকার যখন সকল শ্রেণীর জনগণের মতামতের ভিত্তিতে সন্ত্রাস দমন ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে দৃঢ় পদক্ষেপ গ্রহণে সক্রিয় হচ্ছে সেই মুহূর্তে জাতীয়তাবাদী ছাত্রদল দেশব্যাপী ছিনতাই, ডাকাতি, হত্যা ও শিক্ষাঙ্গনকে অস্ত্রবাজির মাধ্যমে অস্থিতিশীল করতে সক্রিয় হয়ে উঠেছে।

### ছাত্র ইউনিয়নের বিবৃতি

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় সংসদের সভাপতি আসলাম খান ও সাধারণ সম্পাদক হাসান হাফিজুর রহমান সোহেল সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধের তীব্র নিন্দা ও প্রতিবাদ করেছেন।